“নকলকে না বলি, দিন বদলের দৃঢ় প্রত্যয়ে দেশটাকে গড়ে তুলি”

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd

স্মারক নং : পরী/মাধ্য/জেএসসি/২০১৮/৩৬৬(ক)/(০৫)

তারিখ: ১৯ আগষ্ট ২০১৮ খ্রিঃ

## অফিস আদেশ

নিম্নোক্ত স্কুল এন্ড কলেজ/ বিদ্যালয়ের অধ্যক্ষ/ প্রধান শিক্ষকগণের আবেদন, স্থানীয় প্রশাসনের সুপারিশ এবং পরীক্ষার্থীর যাতায়াত সুবিধার বিষয়টি বিবেচনা করে এতদসংঙ্গে সংযুক্ত তালিকার বিদ্যালয়গুলোকে অন্তর্ভূক্ত করে নিম্নোল্লিখিত শর্তে পরীক্ষামূলকভাবে ২০১৮ সনের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার পূর্ণাঙ্গ কেন্দ্র হিসেবে অনুমোদন দেওয়া হল।

**শর্তাবলী :**

১। কুমিল্লা শিক্ষাবোর্ড কর্তৃক সরবরাহকৃত জেএসসি পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা -২০১৮ যথাযথ অনুসরণ ও বাস্তবায়ন করতে হবে।

২। পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক জারীকৃত জেএসসি পরীক্ষা- ২০১৮ এর অনুসরণীয় বিষয়াবলি সঠিকভাবে অনুসরণ করতে হবে।

৩। কেন্দ্র প্রতিষ্ঠানের পরীক্ষার্থী নিজ প্রতিষ্ঠান কেন্দ্রে পরীক্ষা দিতে পারবে না।

৪। সংশ্লিষ্ট জেলঅ প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার সংশ্লিষ্ট কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা হবেন।

৫। সুষ্ঠু ও সুন্দরভাবে পরীক্ষা পরিচালনার জন্য পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালার সংশ্লিষ্ট বিধান মোতাবেক একটি কেন্দ্র কমিটি গঠন পূর্বক আগামী ১৫/১০/২০১৮ খ্রি: তারিখের মধ্যে গঠিত কমিটি অনুমোদনের জন্য বোর্ডে প্রেরণ করতে হবে।

৬। সুষ্ঠু, সুন্দর ও শান্তিপূর্ণ পরীক্ষা পরিচালনা সাপেক্ষে শিক্ষাবোর্ডের নির্দেশনা মোতাবেক নির্ধারিত নবায়ন ফি প্রতি বছর পরীক্ষা আরম্ভ হওয়ার কমপক্ষে ৩ মাস পূর্বে বোর্ডের সচিবের অনুকূলে জমা দিয়ে কেন্দ্র নবায়ন করতে হবে।

৭। কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা পরীক্ষার গোপনীয় কাগজপত্রের নিরাপদ হেফাজত ও নিরাপত্তামূলক সংরক্ষণের ব্যবস্থা নিশ্চিত করবেন।

৮। পরীক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখা এবং আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৯। পরীক্ষা পরিচালনায় কোন প্রকার অনিয়ম, নকল প্রবণতা বা বিশৃঙ্খলা পরিলক্ষিত হলে সাথে সাথে কেন্দ্র বাতিল করা হবে।

১০। কেন্দ্রের চতুর্দিকে সীমানা প্রাচীর/কাঁটা তারের মজবুত বেড়া দ্বারা ঘেরাও করার ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

১১। পরীক্ষার্থীদের নিকট থেকে প্রাপ্ত কেন্দ্র ফি দ্বারা কেন্দ্রের সকল ব্যয় নির্বাহ করতে হবে। বোর্ড হতে কোন আর্থিক সহায়তা প্রদান করা হবে না।

১২। প্রশ্নপত্র সংরক্ষণের জন্য ট্রেজারি/থানার মালখানা ব্যবহার করতে হবে। যদি ট্রেজারি/থানার মালখানা কেন্দ্রের সন্নিকটে না থাকে সেক্ষেত্রে কেন্দ্রের নিকটবর্তী যে কোন সিডিউল ব্যাংকের লকার ব্যবহার করতে হবে।

১৩। ৬(ছয়) ফুট লম্বা বেঞ্চে ২(দুই) জন পরীক্ষার্থীর আসন ব্যবস্থা করতে হবে। কোন অবস্থাতেই ৬(ছয়) ফুটের কম লম্বা বেঞ্চে ২(দুই) জন পরীক্ষার্থীর আসন ব্যবস্থা করা যাবে না।

১৪। পরীক্ষার্থীর (ছাত্র ও ছাত্রী) জন্য অবশ্যই আলাদা স্বাস্থ্যসম্মত স্যানিটেশন সুবিধা এবং বিশুদ্ধ পানির ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

১৫। উপরে বর্ণিত শর্তগুলো প্রতিপালন সম্পর্কে উপজেলা নির্বাহী অফিসারের মন্তব্যসহ একটি প্রতিবেদন পরীক্ষা আরম্ভ হওয়ার কমপক্ষে ১০ দিন পূর্বে পরীক্ষা নিয়ন্ত্রক এর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

19.08.18

চলমান পাতা-২

## জেএসসি পরীক্ষা- ২০১৮ এর অনুমোদিত নতুন কেন্দ্র তালিকা ঃ

| ক্রমিক নং | অনুমোদিত কেন্দ্রের নাম ও কোড নং | কেন্দ্র বিদ্যালয়ের নাম, ইন নম্বর ও ঠিকানা | বর্তমান কেন্দ্রের নাম ও কোড নম্বর | কেন্দ্রের আওতাধীন প্রতিষ্ঠানের নাম ও ইন নম্বর |
|---|---|---|---|---|
| ১. | নাঙ্গলকোট-১১(২১২) | **ধাতীশ্বর আহমেদ দেলোয়ারা স্কুল এন্ড কলেজ - (১০৬০৮৩)**<br>ডাকঘর ও উপজেলা ঃ নাঙ্গলকোট<br>জেলা ঃ কুমিল্লা<br>মোবাইল ঃ ০১৮১৮-৫২৩১০৭ | নাঙ্গলকোট-১ (১৯৫) | ১। ধাতিশ্বর আহমেদ দেলোয়ারা স্কুল এন্ড কলেজ - ১০৬০৮৩<br>২। হেসাখাল বাজার উচ্চ বিদ্যালয় -১০৬০৯৫<br>৩। দায়েমছাতি উচ্চ বিদ্যালয় -১০৬০৯৩<br>৪। আল-ফারুক একাডেমী নিম্ন মাধ্যমিক বিদ্যালয়-১৩১২১৪ |
| ২. | বিজয়নগর-৬ (৪৪৪) | **নিদারাবাদ ইউনিয়ন উচ্চ বিদ্যালয় (১০৩২৩২)**<br>ডাকঘর ঃ পাক হরষপুর,<br>উপজেলা ঃ বিজয়নগর<br>জেলা ঃ ব্রাহ্মণবাড়ীয়া<br>মোবাইল ঃ ০১৭২৪-৪৫৬৮৮২ | বিজয়নগর-২ (৪৪০) | ১। নিদারাবাদ ইউনিয়ন উচ্চ বিদ্যালয়-১০৩২৩২<br>২। পাঁচগাও উচ্চ বিদ্যালয়-১০৩২৬০<br>৩। এক্তারপুর আদর্শ উচ্চ বিদ্যালয়-১০৩২৫৮<br>৪। চাঁনপুর আদর্শ উচ্চ বিদ্যালয়-১০৩২৪৮<br>৫। খাটিংগা নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়-১০৩২৬৭<br>৬। আড়িয়ল উচ্চ বিদ্যালয়-১০৩২৫১ |
| ৩. | নবীনগর-৮ (৪৪৫) | **বীরগাঁও স্কুল এন্ড কলেজ (১০৩৪০৬)**<br>ডাকঘর ঃ বীরগাঁও,<br>উপজেলা ঃ নবীনগর<br>জেলা ঃ ব্রাহ্মণবাড়ীয়া<br>মোবাইল ঃ ০১৭১৪-৫৭৯৩৫৫ | নবীনগর-৬ (৪৩০) | ১। বীরগাঁও স্কুল এন্ড কলেজ - ১০৩৪০৬<br>২। উত্তর লক্ষীপুর উচ্চ বিদ্যালয় -১০৩৪১৬ |
| ৪. | সরাইল-৫ (৪৪৬) | **পানিশ্বর উচ্চ বিদ্যালয় (১০৩৪৭৫)**<br>ডাকঘর ঃ শাখাইতি,<br>উপজেলা ঃ সরাইল,<br>জেলা ঃ ব্রাহ্মণবাড়ীয়া<br>মোবাইল ঃ ০১৭১৫-৩৫৮৯৫৪ | সরাইল-১ (৪৩৫) | ১। পানিশ্বর উচ্চ বিদ্যালয় -১০৩৪৭৫<br>২। শামছুল আলম উচ্চ বিদ্যালয়-১০৩৪৬৮<br>৩। বেড়তলা উচ্চ বিদ্যালয়-১০৩৪৮২ |
| ৫. | কমলনগর-৩(৭২৪) | **চর লরেন্স উচ্চ বিদ্যালয় (১০৭১১৯)**<br>ডাকঘর ঃ লরেন্স খাসের হাট<br>উপজেলা : কমলনগর<br>জেলা ঃ লক্ষীপুর<br>মোবাইল ঃ ০১৭১৭-২৯৭৯২৬ | কমলনগর-২ (৭২২) | ১। চর লরেন্স উচ্চ বিদ্যালয় -১০৭১১৯<br>২। চরবসু এসইএসডিপি মডেল উচ্চ বিদ্যালয়-১৩৪৮৭৫<br>৩। ফজুমিয়ার হাট উচ্চ বিদ্যালয় এন্ড কলেজ-১০৭১৪০<br>৪। কাদির পন্ডিতের হাট- ১০৭১২৪<br>৫। শহীদ স্মৃতি নিম্ন মাধ্যমিক বিদ্যালয় -১০৭১১৫ |

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

১৯/০৮/১৮

(ড. মোঃ আসাদুজ্জামান )
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন ঃ ০৮১-৭৬১৭২

স্মারক নং : পরী/মাধ্য/জেএসসি/২০১৮/ ৩৬৬(ক)/০৭

তারিখ: ১৯ আগষ্ট ২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। জেলা প্রশাসক, কুমিল্লা, ব্রাহ্মণবাড়ীয়া ও লক্ষীপুর
৩। উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট উপজেলা
৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা। (ডাটা বেইসে অন্তর্ভুক্ত বিদ্যালয়সহ কেন্দ্র তালিকা হাল নাগাদ করার জন্য অনুরোধ করা হল)
৫। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, সংশ্লিষ্ট স্কুল এন্ড কলেজ/ বিদ্যালয়
(তাঁকে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এর সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং কেন্দ্রের আওতাধীন বিদ্যালয়সমূহের প্রধানকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
৬। সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক)/ সহকারী সচিব/ সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা।
৭। সংরক্ষণ নথি।

19.08.18

(মোহাম্মদ শহিদুল ইসলাম)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন ঃ ০৮১-৭৬৪৬১